কালের কণ্ঠ

তারিখ 20 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

# এমসিকিউতে কমে সৃজনশীলে বাড়ছে ১০ নম্বর

নিজস্ব প্রতিবেদক ▷

এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় নতুন নম্বর বন্টন করা হয়েছে। এমসিকিউতে (মাল্টিপল চয়েস কোয়েশ্চেন) কমছে ১০ নম্বর। আর সেই ১০ নম্বর বাড়ছে সৃজনশীল অংশে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবং ঢাকা
শিক্ষা বোর্ড তাদের ওয়েবসাইটে গত রবিবার এই নম্বর বন্টনের সংবাদ প্রকাশ করেছে। ২০১৭ সালের পরীক্ষা থেকে তা কার্যকর হবে। এমসিকিউতে নানা জালিয়াতি সংঘটিত হওয়ার কারণে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আগেই এমসিকিউতে ১০ নম্বর কমানোর ঘোষণা দিয়েছিলেন। শিক্ষা বোর্ডগুলো মন্ত্রীর সেই ঘোষণা অনুযায়ীই আদেশ জারি করল।

জানা যায়, যেসব বিষয়ে ব্যবহারিক আছে এখন থেকে সেসব বিষয়ে ৫০ নম্বর থাকবে সৃজনশীলে, ২৫ নম্বর এমসিকিউতে ও ২৫ নম্বর থাকবে ব্যবহারিকে। আর যেসব বিষয়ে ব্যবহারিক নেই সেসব বিষয়ে সৃজনশীলে থাকবে ৭০ নম্বর ও এমসিকিউতে থাকবে ৩০ নম্বর। তবে এসএসসিতে ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, চারু ও কারুকলাসহ কয়েকটি বিষয় এবং এইচএসসিতে বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র, চারু ও কারুকলাসহ কয়েকটি বিষয়ে নম্বর বন্টন অপরিবর্তিত থাকবে।

এ ছাড়া এমসিকিউতে ৩০ নম্বরের জন্য ৩০ মিনিট ও ২৫ নম্বরের জন্য ২৫ মিনিট বরাদ্দ থাকবে। এ ছাড়া সৃজনশীল অংশের জন্য আড়াই ঘণ্টা সময় বরাদ্দ থাকবে। দুই পরীক্ষার মাঝে কোনো বিরতি থাকবে না। ব্যবহারিক ছাড়া সৃজনশীল বিষয়ে ১১টি প্রশ্ন থাকবে সাতটির উত্তর দিতে হবে। আর যেসব বিষয়ে ব্যবহারিক রয়েছে সেসব বিষয়ে আটটি প্রশ্ন থাকবে পাঁচটির উত্তর করতে হবে।